R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : ষ্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কলার ল্যাবঃ

৭৬শ বর্ষ
৫০শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ২৫শে বৈশাখ বুধবার, ১৩৯৬ সাল।
৯ই মে, ১৯৯০ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## বিভিন্ন নিয়োগ নিয়ে হাই স্কুলে কেলেঙ্কারী

আহিরণ : মহকুমার সুপ্রাচীন ফতুল্লাপুর শশীমণি উচ্চ বিদ্যালয়ে করণিক ও শিক্ষক নিয়োগ নিয়ে বিভিন্ন দুর্নীতির অভিযোগ উঠেছে। তার উপর আশপাশ গ্রামের বহুদিনের দাবী উচ্চ মাধ্যমিক শ্রেণী খোলার জন্য স্কুল পরিচালক কমিটি কোনরূপ চেষ্টা করছেন না, বলেও ক্ষুব্ধ অভিভাবকেরা অভিযোগ তুলেছেন। বর্তমানে এই হাই স্কুলে কোন করণিক পর্যন্ত নাই। দু'জন করণিকের পদ বহুদিন যাবৎ খালি পড়ে আছে। স্থানীয় কর্মবিনিয়োগ কেন্দ্র হতে যোগ্য প্রার্থীদের নামও আনা হয়েছিল। কিন্তু তাঁদের মধ্যে কাউকেও কেন নিয়োগ করা হলো না তাও রহস্যময়। গ্রামবাসীদের অভিযোগ, পরিচালন কমিটির মনোমত ব্যক্তির নাম ঐ লিষ্টে না থাকায় নিয়োগ নিয়ে গড়িমসি করা হচ্ছে। আরো খবর, বি এস সি (বায়ো) ডিগ্রির একজন শিক্ষকের পদ শূন্য হওয়ায় কর্মবিনিয়োগ কেন্দ্র থেকে নাম আনা হয়। কর্ম-বিনিয়োগ কেন্দ্রের নামের লিষ্ট সেপ্টেম্বর '৮৯ স্কুলে এসে পৌঁছানো সত্ত্বেও নিয়োগ নিয়ে সেই একই টালবাহানা, যা প্রার্থীদের মধ্যে সন্দেহ জাগিয়েছে। শোনা যাচ্ছে (শেষ পৃষ্ঠায়)

## পুর শহরের অংশ হলেও যোগাযোগের পথ নেই

জঙ্গিপুর : স্থানীয় পুর শহরের ১০ নং ওয়ার্ড ধনপতনগর সব থেকে অবহেলিত ওয়ার্ড। এখানে শহর থেকে যাওয়া আসার কোন রাজপথ নেই। এখান ওখান দিয়ে কোন রকমে ওয়ার্ডের দরিদ্র মানুষেরা শহরে যাতায়াত করে চাকরী বা ব্যবসা বাণিজ্য করেন। বহু আবেদন নিবেদনেও পুরসভা'র নেকনজর আদায় করতে অক্ষম হয়েছেন অধিবাসীরা। শুধু তাই না, এই ওয়ার্ডের মধ্যে চলাচলের জন্য যে সব গলি ঘুজি আছে তাও ভেঙেচুরে একাকার। বিদ্যুৎ দূরঅস্ত, সাধারণ কেরোসিন বাতিও জ্বলে না পথে। ওয়ার্ডের তরুণ কংগ্রেসী কমি-শনার সামশুল হক আমাদের প্রতিনিধিকে জানান—পুরপতিকে অনুরোধ (শেষ পৃষ্ঠায়)

## চাল চিনি লবণ বাংলাদেশে পাচার চলছে চলবে

সাগরদীঘি : স্থানীয় বাজার এবং গ্রাম থেকে সাইকেলে, টাঙ্গাতে ব্যাপকভাবে মনিগ্রামের মধ্যে দিয়ে বালিয়া হয়ে রঘুনাথগঞ্জ থানার কুলগাছি ঘাট ও লালগোলা দিয়ে চাল চিনি ও লবণ বাংলাদেশে পাচার হচ্ছে। গ্রামে এখন চাল ৫ টাকা চিনি ১০ টাকা এবং লবণ ২ টাকা কেজি। গ্রামের একশ্রেণীর মানুষ চোরাচালানের মাধ্যমে প্রচুর অর্থ উপার্জন করছে। প্রশাসন এ ব্যাপারে সজাগ দৃষ্টি দিচ্ছেন না বলে অভিযোগ উঠেছে। অন্যদিকে রঘুনাথগঞ্জ থানার কুতুবপুর, বহড়া, কুলগাছি থেকে গঙ্গা পার হয়ে নতুনগঞ্জের মধ্যে দিয়ে ট্রাক বা ঘোড়ার গাড়ীতে বিভিন্ন ধরনের জামা প্যান্টের পিস, ভি সি আর, ভি সি পি ইত্যাদি সনকর ও খোজারপাড়া নতুন বস্তিতে জমা হচ্ছে। এখান থেকে সকালের ট্রেনে আজিমগঞ্জ হয়ে বীরভূম ও বিহারের প্রত্যন্ত এলাকায় পাচার হচ্ছে বলে খবর। কিছু মুসলীম তরুণীও এই পাচারে যুক্ত বলে জানা যায়। প্রত্যক্ষদর্শীরা আরোও জানান খোজারপাড়া নতুন বস্তি সনকর রেল ষ্টেশনের পাশেই। সে কারণে সকালের ট্রেনে ওরা প্রকাশ্যে রেল পুলিশের সহযোগিতায় মাল পাচার করছে। সে কারণেই রেল পুলিশ সব জেনেশুনেও চুপচাপ রয়েছে।

## পার্টির কাজে জীপ ব্যবহারের অভিযোগ

সাগরদীঘি : স্থানীয় পঞ্চায়েত সমিতির জীপ অফিসিয়াল কাজে ব্যবহৃত হচ্ছে না বলে কয়েকজন প্রধান অভিযোগ তুলেছেন। তাঁরা বলেন প্রয়াত সভাপতি কানাই চক্রবর্তীর আমলে অফিসের ও পঞ্চায়েতের কাজে এই জীপটি চাইলে পাওয়া যেতো। কিন্তু বর্তমান সভাপতি নিত্যসন্তোষ চৌধুরীর আমলে অফিসের কাজে জীপ পাওয়া অসম্ভব হয়ে পড়েছে। পার্টির কাজে প্রায়ই জীপটি ব্যবহৃত হতে দেখা যাচ্ছে বলে অভিযোগ। উদাহরণস্বরূপ তাঁরা বলেন, গত ৩ এপ্রিল সভাপতি, বিধায়ক এবং ( শেষ পৃষ্ঠায় )

## কুলগাছি পশুহাটে বাংলাদেশী কারবারী গ্রেপ্তার

জঙ্গিপুর : গোপন সূত্রে খবর পেয়ে এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে স্থানীয় বি.এস.এফ কুলগাছি পশু হাটে হানা দিয়ে জনৈক বাংলাদেশী কারবারীকে ৫টি গরুসহ আটক করে। এ ঘটনার প্রতিবাদে এগিয়ে আসেন পশু হাটের ইজারাদার বলে খবর পাওয়া যায়। গ্রাম-বাসী সূত্রে খবর, বাংলাদেশী কারবারীরা গোপন পথে গরু কিনতে এই (শেষ পৃষ্ঠায়)

## ট্রাকের চাকায় হোমগার্ড পিষ্ট

ফরাক্কা : গত ২২ এপ্রিল রাতে জাতীয় সড়কে কর্মরত হোমগার্ড মন্টু দাসকে একটি ট্রাক চাপা দিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলে মন্টু মারা যান। পুলিশের সন্দেহ জাতীয় সড়ক দিয়ে বেআইনী চিনি, চাল ইত্যাদি ট্রাকে পাচার হচ্ছে। মন্টু দাস চ্যালেঞ্জ করতে গিয়ে পিষ্ট হয়ে মারা যান। সেই থেকে রাত্রে এখানে পুলিশী তৎপরতা (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৫শে বৈশাখ বুধবার ১৩৯৭ সাল



## কবি প্রণাম

আজ ২৫শে বৈশাখ। প্রতি বৎসর এই দিন আসে, চলিয়া যায়, ভবিষ্যতেও আসিতে থাকিবে। প্রজন্মের পর প্রজন্ম এই দিনটিতে স্মরণ করিবে বিশ্বের বিস্ময় কবিশ্রেষ্ঠ রবীন্দ্রনাথকে—যিনি নিজেকে কবি মাত্র পরিচয়েই চিহ্নিত করিতে চাহিয়াছেন, কিন্তু প্রমাণ করিয়াছেন অন্যতম শ্রেষ্ঠ চিন্তাবিদ হিসাবেও। আজিকার দিনে সর্বক্ষেত্রেই রবীন্দ্রনাথ ওতপ্রোতভাবে জড়িত। কবি-গুরুর আবির্ভাব এক উন্নত সংস্কৃতির ক্ষেত্র হইতে। কাব্য-কবিতা, শিল্প-সংস্কৃতি, ধর্ম-দর্শন ও জাতীয় জাগৃতির এক মহান ভিত্তি-ভূমি হইতে তিনি উদ্‌ভূত হন। তাই তাঁহার মধ্যে এক সুবিশাল পরিমণ্ডল—শিক্ষা-দীক্ষা মার্জিত সাংস্কৃতিক চেতনা, উচ্চ ধর্মাদর্শ, বিপুল স্বাদেশিকতা এবং কাব্যিক ধ্যানভাবনা গড়িয়া উঠিয়াছিল, তাই নির্দিষ্ট কিছু দিয়া তাঁহার মনন-চেতনাকে বাঁধিয়া রাখা যায় নাই। তিনি ছিলেন বিশ্ববিদ্যার এক প্রাণবন্ত দিশারী। তাঁহার কাব্যের উৎস মুখ কৈশোরে কাল হইতে খুলিয়া ক্রমশঃ এক দুর্নিবার স্রোত-ধারায় অগ্রসর হইতে থাকিলেও নাটক, প্রবন্ধ, সরস রচনা, গল্প, উপন্যাস, সমালোচনা, সঙ্গীত, শিশুদের সাহিত্য প্রভৃতি নানা বিষয়ে তাঁহার উন্নত বিস্ময়কর অবদান সমগ্র জগতকে চমৎকৃত করিল। বিশ্বের বিশিষ্ট প্রতিভার দরবারে তাঁহার আসন সুপ্রতিষ্ঠিত হইল। কবিগুরুর দেশাত্মবোধ এবং বিশ্বাত্মবোধ বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত। তাঁহার গঠনমূলক কার্যের উজ্জ্বল সাক্ষ্য প্রদান করিতেছে শান্তিনিকেতন—বিশ্বভারতী। তাঁহার শ্রীনিকেতন প্রতিষ্ঠান দেশীয় কৃষি ও শিল্পের উন্নতি সাধনের স্বাক্ষর দিতেছে। অজস্র সংস্রবিধ চরিতার্থতায় পূর্ণ কবির জীবন। এমন বহুমুখী প্রতিভা ও বহুমুখী কর্মধারায় এক নিটোল ব্যক্তিত্ব পৃথিবীর ইতিহাসে দুর্লভ।

কবিগুরুর ১২৯তম জন্ম জয়ন্তী লগ্নে আমরা তাঁহার প্রতি প্রণতি জ্ঞাপন করিতেছি।

## পুর নির্ব্বাচন নিয়ে একটি বিতর্কিত ভাবনা

বিশেষ প্রতিবেদক ঃ প্রাক্ পুর নির্বাচনী চিন্তা ভাবনায় দুটি পর্বে পুরবাসীদের নির্বাচন পূর্বে কি ভাবনা চিন্তা প্রয়োজন তার একটি রূপ-রেখা দেবার চেষ্টা করা হয়েছে। এবার নাম প্রত্যাহারের পর নির্বাচনী যে চিত্র ফুটে উঠেছে তাতে দেখা যাচ্ছে রাজনৈতিক দল হিসাবে একমাত্র ১২ নং এবং ১৪ নং ওয়ার্ড বাদে কংগ্রেস (ই) সর্বত্র প্রতিদ্বন্দ্বিতা করছেন। বামফ্রন্টের শরীক দলগুলির মধ্যে সমঝোতা ১৪ নং এ হয়নি। এখানে বামফ্রন্টের প্রধান তিনদল ফরওয়ার্ড ব্লক, আর এস পি, সি পি এম প্রতিদ্বন্দ্বিতায় নেমেছেন। পূর্বতন কমিশনার এস ইউ সির মৃণাল ব্যানার্জী এবারও ১৪ নং এ প্রার্থী। ১৩ নং এ সি পি আই এর বর্তমান কমিশনার অশোক সাহা নাম প্রত্যাহার করে তাঁর সম্পর্কে দাদা প্রাক্তন কংগ্রেসী অলোক সাহাকে প্রার্থী করেছেন সি পি আই থেকে। এখানে প্রতিদ্বন্দ্বীদের মধ্যে রয়েছেন কংগ্রেস (ই) র অশোক সাহা, বি জে পির দেবব্রত সাধু, নির্দ্দলীয় প্রশান্ত চ্যাটার্জী ও এস ইউ সির বিশ্বনাথ চন্দ। ১২নং ওয়ার্ডে বামফ্রন্ট যে খেলা দেখালেন তা ভোটদাতাদের চিন্তা করে দেখতে হবে। এখানে সুকৌশলে বামফ্রন্টের প্রধান দল সি পি এম, আর এস পির কাছ থেকে ওয়ার্ডটি চেয়ে নিয়ে সি পি আইকে দেন এবং ঠিক হয় তাঁদের প্রার্থী হবেন বর্তমান পুরপতি পরমেশ পাণ্ডে। কিন্তু জনমতের গতিপ্রকৃতি বিরূপতা অনুধাবন করে পরমেশ পাণ্ডে দাঁড়ান না। সি পি আই বাধ্য হয়ে অন্য প্রার্থী দেন। কিন্তু নমিনেশন পেপার ফাইল করার দিন হঠাৎ সি পি এমের শ্রমিক নেতা বালক মুখার্জীর আবির্ভাব ঘটে নির্বাচনী মঞ্চে। বেশ কিছুদিন টালবাহানার পর সি পি আইকে প্রার্থীপদ প্রত্যাহার করতে বাধ্য করানো হয়। শোনা যাচ্ছে সি পি আইকে সরে দাঁড়াতে বাধ্য করার ব্যাপারে বর্তমান পুরপতির এক জবরদস্ত ভূমিকা রয়েছে। তিনি এই কৌশল তাঁর চির প্রতি-দ্বন্দ্বী তরুণ প্রার্থী সুশান্ত পাণ্ডেকে বিপাকে ফেলতেই করেন বলে অনেকে মনে করেন। এবং সি পি এমও এই কৌশলে যে ১২ নং ওয়ার্ডে তাঁদের প্রধান কার্য্যালয় রয়েছে সেটি আর এস পির হাত থেকে ছিনিয়ে নিলেন। অনেকেই মনে করছেন এই ওয়ার্ডে প্রতি-দ্বন্দ্বিতা সুশান্ত পাণ্ডে ভার্সেস বালক মুখার্জী হলেও তা কার্য্যতঃ হবে সুশান্ত পাণ্ডে ভার্সেস পরমেশ পাণ্ডে। ১৫ নং ওয়ার্ডে বাম ও গণ-তান্ত্রিক প্রার্থী তরুণ এ্যাডভোকেট মানিক চক্রবর্তী। বামফ্রন্টের প্রধান দল মানিক চক্রবর্তীর বিরুদ্ধে প্রার্থী না দেওয়ার সিদ্ধান্ত নিলেও সি পি আই সেখানে প্রার্থী দেওয়ায় বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। অনেকেই মনে করছেন সি পি এম সুকৌশলে সি পি আইকে ১৫ নং ছেড়ে দিয়েছেন ১২ নং এর পরিবর্তে। এই সবের পরিপ্রেক্ষিতে এটুকু স্পষ্টভাবে বোঝা যায় যে প্রত্যেক রাজনৈতিক দলই যেনতেন পুরবোর্ড দখলে সচেষ্ট। নইলে বিতর্কিত ব্যক্তিদের তাঁরা নিজ দলে ঠাঁই দিতে পারতেন না। প্রত্যেক ওয়ার্ড ঘুরে এই প্রতিবেদকের যে ধারণা জন্মেছে তাতে মনে হয় এবার ১৫টি ওয়ার্ডের মধ্যে কংগ্রেস বড় জোর ২/৩টি আসনে সুবিধাজনক অবস্থায় রয়েছে। তার মধ্যে ১৫ নং এ বাম গণতান্ত্রিক শক্তির সাহায্য পেলে হয়তো মানিক চক্রবর্তীর অবস্থার হেরফের আশা করা যেতো কিন্তু সি পি আই সেখানে লড়াই এ নামায় সি পি এম কতটা মানিক চক্রবর্তীর হয়ে প্রচারে নামতে পারবেন সেটা সন্দেহের বিষয়। তাই ঐ আসনে এবারেও সূর্য্যনারায়ণ ঘোষাল (কং) এর জয়লাভের সম্ভাবনা বেশী। ৫ নং ওয়ার্ডে মুসলীম ভোটারের সংখ্যা বেশী এবং তাদের মধ্যে কংগ্রেস সমর্থকও বেশী। ঐ আসনে হিন্দু ভোট না টানতে পারলে সি পি এমের জেতার সম্ভাবনা নাই বললেই হয়। ওখানে সি পি এমের প্রার্থী হিন্দু। কিন্তু বি জে পি ওখানে প্রার্থী দেওয়ায় হিন্দু ভোট ভাগ হয়ে যাচ্ছেই। তাই কংগ্রেসের প্রার্থী আব্দুল বাসির সুবিধাজনক স্থানে রয়েছেন। এছাড়া অন্য কোন আসনে কংগ্রেস সুবিধা-জনক অবস্থায় নেই। সেদিক দিয়ে সি পি এম ১নং, ২নং, ৬নং, ৭নং, ৮নং, ১০নং, ১১নং এ অনেক সুবিধাজনক অবস্থায় রয়েছে। ১নং এ কংগ্রেসের প্রাধান্যশালী প্রার্থী বর্ত-মানের ভাইস চেয়ারম্যান সামমহম্মদ বিশ্বাস কংগ্রেস নমিনেশন পাননি। সে কারণেই মনে হচ্ছে তাঁর সহযোগিতা না পাওয়ায় কংগ্রেস এখানে দুর্বল। তার উপর এস ইউ সিও ভোট টানবে। মুসলীম ভোটার সমন্বিত ঐ আসনে ৫ জনই মুসলীম। সে দিক থেকে সি পি এমের জয়ের সম্ভাবনা উজ্জ্বল। ২নং এও সি পি এমের জয়লাভের আশা প্রবল। ৬নং আসনে গতবার আর এস পি ও সি পি আই এর লড়াই-এ সি পি আই এর দিলীপ সাহা জয়ী হয়েছিলেন। কিন্তু তিনি বোর্ডে থাকাকালীন চেয়ারম্যান পদের লোভে যে কদর্য্য খেলা খেলেছিলেন তার কথা ওখানের জনগণ ভোলেনি। দিলীপ সাহাকে সি পি আই সে কারণেই এবার প্রার্থী করেননি। তিনি কিন্তু দলের কথা অগ্রাহ্য করে নির্দলীয়-রূপে দাঁড়িয়ে নিজের পরাজয় টেনে এনেছেন বলে মনে হয়। এখানে (৩য় পৃষ্ঠায়)

## বন্যা নিয়ন্ত্রণে সুষ্ঠু ব্যবস্থা প্রয়োজন

ধুলিয়ান : স্থানীয় পুর শহর ও আশপাশ এলাকা প্রতি বছর বন্যায় ক্ষতিগ্রস্ত হচ্ছে ; কিন্তু তা রোধে কোন সুষ্ঠু পরিকল্পনা গৃহীত হতে দেখা যাচ্ছে না। বিগত কয়েক বছরে শহরের প্রান্ত দেশ ধুয়ে মুছে সাফ হয়ে কয়েক হাজার মানুষকে সর্বস্ব হারিয়ে ভিখারীর পর্য্যায়ে এনে ফেললেও সরকারী কোন ব্যবস্থা গৃহীত হয়নি। এদিকে বন্যায় ভাঙ্গন রোধে লক্ষ লক্ষ টাকা প্রতি বছরেই সেচ বিভাগ খরচ করছেন বলে খবর। দুঃস্থ গ্রামবাসীরা মনে করেন শুখা মরশুমে ব্যবস্থা না নিয়ে অবৈজ্ঞানিক পদ্ধতিতে ভাঙ্গনের মুখে ব্যবস্থা গৃহীত হওয়ায় ঠিকাদারদেরই পকেট ভরছে, মানুষের কোন উপকার হচ্ছে না। জনমনে সেচ বিভাগ ও ঠিকাদারদের মধ্যে গোপন ইস্যার সন্দেহ সে কারণেই ঘনীভূত হচ্ছে। এ অবস্থার পরিবর্ত্তনে সুদৃঢ় বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী না নেওয়া হলে জন বিক্ষোভ এ অঞ্চলে ফেটে পড়ার আশঙ্কা রয়েছে বলে অভিজ্ঞ মহল মনে করেন।

## বিজ্ঞান প্রযুক্তি মেধা অনুসন্ধান পরীক্ষায় কৃতিত্ব

রঘুনাথগঞ্জ : খবরে প্রকাশ বিজ্ঞান প্রযুক্তি মেধা অনুসন্ধান পরীক্ষায় গত ১০ ডিসেম্বর রঘুনাথগঞ্জ হাই স্কুলে যে সব স্কুলের ছাত্র-ছাত্রী যোগ দেয়, তাদের মধ্যে বন্দেশ্বর সি সি হাই স্কুলের দশম শ্রেণীর ছাত্র তরুণকুমার দাস বিশেষ স্থান অধিকার করে পুরস্কারের যোগ্য বিবেচিত হয়েছে। সারা ভারত বিজ্ঞান শিক্ষক এ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ শাখার রঘুনাথগঞ্জ কেন্দ্রের কনভেনার জানাচ্ছেন সত্বর তাকে পুরস্কৃত করা হবে।

## পুর শ্রমিক কর্মচারী সমিতির কনভেনশন

রঘুনাথগঞ্জ : গত ২১ ও ২২ এপ্রিল পুর শ্রমিক কর্মচারী সমিতির প্রথম জেলা সম্মেলন স্থানীয় পুরসভা হলে অনুষ্ঠিত হয়। সভায় সাম্প্রদায়িকতা ও বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে, দ্রব্য মূল্যরোধে এবং এপার ওপার যাতায়াতে ভাগীরথীতে সেতু নির্মাণের দাবী নিয়ে আলোচনা হয়। সভা শেষে তুষার দেকে সভাপতি, সত্য গুপ্তকে কার্য্যকরী সভাপতি, বালক মুখার্জীসহ ৪ জনকে সহসভাপতি ও শৈলেন মুখার্জীকে সাধারণ সম্পাদক করে ৩৭ জনের এক জেলা কমিটি গঠিত হয়। সম্মেলনে গণনাট্য সংঘের জঙ্গিপুর শাখা গণসঙ্গীত পরিবেশন ও একটি একাঙ্ক নাটক মঞ্চস্থ করেন।

## হাসপাতাল কিচেনে হাঙ্গামা করায় পুলিশে

রঘুনাথগঞ্জ : সম্প্রতি জনৈক কবীর সেখ মহকুমা হাসপাতালের কিচেনের সামনে হাঙ্গামা বাধালে ষ্টাফের সাথে তার ধস্তাধস্তি হয়। হাসপাতাল কর্ত্তৃপক্ষ কবীরকে পুলিশের হাতে তুলে দেন। হাসপাতাল সূত্রে খবর, কবীর সেখ বেশ কিছুদিন ধরে কয়েকজন ষ্টাফের সঙ্গে ঘনিষ্ঠতা করে হাসপাতাল চত্বরে আড্ডা জমায়। ঘটনার দিন তারই এক পরিচিত রোগীর পথ্য নিয়ে সে কিচেনে গিয়ে হম্বি তম্বি করতে থাকে। কিচেন ষ্টাফ সেরাজুল ইসলাম এর প্রতিবাদ করলে সে কিচেনে ঢোকার জন্য ধস্তাধস্তি শুরু করে। কয়েকজন ডাক্তারের অভিযোগ কবীর সেখ তাঁদের সঙ্গেও অভদ্র ব্যবহার করতো এবং হুমকি দিত এমন কি রোগীদের কাছ থেকেও জুলুম করে পয়সা আদায় করতো।

## জমি জমার বিরোধে নৃশংস হত্যা

সাগরদীঘি : গত ১১ এপ্রিল সন্ধ্যায় গে বর্ধনডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের অধীন দস্তুরহাট গ্রামের রাজমিস্ত্রী নুরমান আলি নৃশংসভাবে খুন হন। খবর, খুনী আসামীদের সঙ্গে নুরমান আলির বেশ কিছুদিন থেকে জমি জমা নিয়ে বিরোধ চলছিল এবং জঙ্গিপুর কোর্টে মামলা ছিল। ঘটনার দিন নুরমান কোর্টে মামলা সেরে ট্রেনযোগে বাড়ী ফেরার পথে গ্রামের রাস্তায় খুন হন। দু'জন আসামী গ্রেপ্তার হয়েছে, বাকীরা পলাতক। পুলিশ সূত্রে জানা যায় আসামীদের বিরুদ্ধে আরো কয়েকটি ফৌজদারী মামলা রয়েছে।

## পুর নির্বাচন নিয়ে

( ২য় পৃষ্ঠার পর )

আর এস পির পশুপতির জয়লাভ নিশ্চিত বলে মনে হয়। ৪নং এর ক্ষেত্রে এবার তেমন জোরালো কংগ্রেস প্রার্থী বা অন্য প্রার্থী না থাকায় আর এস পির আবদুল সামাদ অনেক সুবিধাজনক অবস্থায় র'য়েছেন। ৫নং এর কথা তো আগেই বলেছি। ৬নং আসনে সি পি এম তাঁদের প্রার্থী করেছেন মানিক সূত্রধরকে। তাঁর বিরুদ্ধে কংগ্রেসের অসিত সিংহ, নির্দলীয় নিমাই সিংহ, এবং বি জে পির বলরাম সিংহ। তিন সিংহের পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতায় শ্রীসূত্রধরেরই সম্ভাবনা উজ্জ্বল। ৭নং সি পি এমের প্রভাবশালী নেতা মৃগাঙ্ক ভট্টাচার্য্য প্রার্থী। তাঁর বিরুদ্ধে র'য়েছেন কংগ্রেসের গোপাল গোস্বামী, বি জে পির চিত্তরঞ্জন ধর, নির্দ্দলীয় অলোকেশ পাল ও তাহির সেখ। লড়াই হবে কংগ্রেস, সি পি এম, বি জে পির মধ্যে। তবে বি জে পির ক্ষেত্রে হিন্দু ভোটই অবলম্বন হওয়ায়, মুসলীম ভোটের হাওয়া সি পি, এমের দিকেই বইছে। বিশেষ করে কংগ্রেসের প্রার্থী গোপাল গোস্বামী বরাবরই বিশ্ব-হিন্দু পরিষদের স্থানীয় একজন কেউকেটা ব্যক্তি ছিলেন। তাঁকে কংগ্রেস প্রার্থী করায় কংগ্রেসের মুসলীম ভোট ব্যাঙ্কে মাইনাসের প্রভাব পড়বেই। ( পরের সংখ্যায় দ্রষ্টব্য )

## যোগ চিকিৎসা কেন্দ্র

ফরাক্কা : গত ২৭ এপ্রিল শ্রীমৎ স্বামী হিরণ্ময়ানন্দজী মহারাজ স্থানীয় হিন্দু মিলন মন্দির (ভারত সেবাশ্রম সঙ্ঘ)-এর উদ্যোগে গঙ্গা-বক্ষে যোগশিক্ষা ও যোগ চিকিৎসা কেন্দ্রের উদ্বোধন করেন। প্রতি রবিবার বিকেলে যোগাচার্যের দ্বারা যোগের মাধ্যমে দুরারোগ্য ব্যাধির চিকিৎসা করা হবে বলে জানা যায়।

## ক্ষুদিরাম শতবার্ষিকী উদযাপন

রঘুনাথগঞ্জ : সারা বাংলা ক্ষুদিরাম শতবার্ষিকী সমিতি স্থানীয় শাখার উদ্যোগে রবীন্দ্র ভবনে গত ১ মে থেকে ৬ মে পর্যন্ত ৬ দিনব্যাপী বিপুল উদ্দীপনার সঙ্গে বিভিন্ন অনুষ্ঠান সূচী পালিত হয়। শেষদিন ৬ মে কুচকাওয়াজ প্রতিযোগিতা ও সর্বশেষে পুরস্কার বিতরণ উৎসবে সভাপতিত্ব করেন 'আমি সুভাষ বলছি'র লেখক শৈলেশ দে।


## জায়গা ও বাড়ী বিক্রী

মির্জাপুর গ্রামের বড় রাস্তার ধারে ভদ্র পরিবেশে বাস ও ব্যবসা উপযোগী জায়গা ও তৈরী বাড়ী বিক্রী হবে। যোগাযোগের ঠিকানা—

শ্রীরঘুনাথ সাহা
মির্জাপুর, পোঃ গনকর (মুর্শিদাবাদ)

কম্পিউটার যুগে চাকরী পাওয়ার সহজতম উপায়

## কম্পিউটার ট্রেনিং

রঘুনাথগঞ্জে সরকার অনুমোদিত ও কলিকাতার অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে স্বল্প ব্যয়ে কম্পিউটার শিখিবার সুযোগ গ্রহণ করুন।

নিম্নবিত্ত ছাত্র-ছাত্রীদের জীবনে প্রতিষ্ঠিত হওয়ার এ-এক বিশেষ সুযোগ।

ভর্তি হইবার জন্য আবেদন করুন নিম্নের ঠিকানায়—

### রামকৃষ্ণ
### কম্পিউটার ট্রেনিং ইনষ্টিটিউট

রঘুনাথগঞ্জ : ফুলতলা বাগানবাড়ী ( গঙ্গা ব্যারেজ রোড )
মুর্শিদাবাদ।
মালদহ : রাজ শরৎচন্দ্র রোড দুর্গাবাড়ী মোড়।
চিন্তামণি চমৎকার স্কুলের পাশে।
সোদপুর : রামকৃষ্ণ পার্ক — উত্তর চব্বিশ পরগণা।
হেড অফিস : ৩২নং এজরা ষ্ট্রিট, কলিকাতা, ৭০০০০১
ফোন নং : ২৭-৩৪৮৫/৮৬৯২

## মে দিবস উদ্‌যাপন

জঙ্গিপুর : সি পি আই ( এম ) লোকাল কমিটি ঐতিহাসিক 'মে দিবস' পালন করে। স্থানীয় বাসস্ট্যাণ্ডে ১ মে বিকালে প্রকাশ্য সমাবেশে মে দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন জঙ্গিপুর আঞ্চলিক কমিটির সম্পাদক মৃগাঙ্ক ভট্টাচার্য এবং ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি মহঃ গিয়াসুদ্দিন। ভারতীয় গণনাট্য সংঘ, রঘুনাথগঞ্জ শাখা 'অস্ত্র' নাটক মঞ্চস্থ করে। ঐদিন সকালে মিঠিপুর পুরাতন বাজারে পার্টি অফিসে 'মে দিবস' পালন করে সি পি এম এর মিঠিপুর শাখা। সেখানে পথসভায় বক্তব্য রাখেন স্থানীয় নেতা মহঃ গিয়াসুদ্দিন।

ধুলিয়ান : গত ১ মে এখানে ফরওয়ার্ড ব্লক, এস ইউ সি আই ও সি পি আই ( এম ) পার্টির শ্রমিক সংগঠনের উদ্যোগে মে দিবস বা আন্তর্জাতিক শ্রম দিবস উদ্‌যাপিত হয়। সভার মঞ্চ থেকে ধ্বনিত হয়—দুনিয়ার মজদুর এক হও।

## হাই স্কুলে কেলেঙ্কারী

( ১ম পৃষ্ঠার পর )

সম্প্রতি ঐ লিষ্ট না মঞ্জুর করে আবার নাম চাওয়া হবে। কারণ ঐ লিষ্টে স্কুলেরই একজন সহ-শিক্ষকের ছেলে ( যাকে কমিটি নিতে চান ) তাঁর নাম নেই। আরো খবর শূন্য পদটি তপশীলি উপজাতির জন্য সংরক্ষিত হওয়া সত্ত্বেও উক্ত সহশিক্ষক তাঁর ছেলের জন্য তদ্বির তদারক করে এবং পয়সা খরচ করে ডি পি আই থেকে ঐ পদটিকে সাধারণ শ্রেণীর পদ করিয়ে নিয়ে এসেছেন। গ্রামের মানুষ এই সব ঘটনার পুঙ্খানুপুঙ্খ তদন্ত দাবী করছেন।

## ব্যবহারের অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

অন্যান্যদের নিয়ে বহরমপুরে পার্টি মিটিং এ যোগ দিতে যান জীপ নিয়ে, ফলে বি ডি ও এবং ক্যাসিয়ার অফিসের বেতনের টাকা আনতে বাসযোগে রঘুনাথগঞ্জ যেতে বাধ্য হন।

## কুলগাছি পশুহাটে

( ১ম পৃষ্ঠার পর )

হাটে দলে দলে আসছে এবং এরাই গরু ও অন্যান্য দ্রব্য খরিদ করে বাংলাদেশে পাচার করছে। বি এস এফের জনৈক কর্মী বলেন—আমরা খবর পেয়ে হাট ঘেরাও করি, কিন্তু অধিকাংশ চোরা কারবারী পাশের গ্রামে গোপন আস্তানায় পালিয়ে যাওয়ায় তাই সবকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। অপরদিকে গত ৬ এপ্রিল ধুলিয়ান গরুর হাট থেকে রাত্রি দশটা নাগাদ বি এস এফের জোয়ানরা ৯টি বলদ বাংলাদেশে চালান দেওয়া হচ্ছে অভিযোগে আটক করে। পরের দিন সকালে গরুগুলির মালিক তাঁদের কাছে রাখা বৈধ কাগজপত্র নিয়ে বি এস এফের কাছে হাজির হলে তারা আটক ৬টি গরু ছেড়ে দেয়। আর তিনটি গরুর দাবী জানালে তাঁরা বলেন ৬টি গরুই আটক করা হয়েছিল। এই নিয়ে বি-এস এফের বিরুদ্ধে স্থানীয় সামসের-গঞ্জ থানায় অভিযোগও লিপিবদ্ধ করা হয়। বি এস এফের এক মুখপাত্র জানান তাঁরা এই পাচার বন্ধে সচেষ্ট এবং বাংলাদেশীদের ধরতেও চেষ্টা চালাচ্ছেন, কিন্তু জনগণের সহযোগিতা ছাড়া তা সম্ভব নয়।

## যোগাযোগের পথ নেই

( ১ম পৃষ্ঠার পর )

উপরোধ করা সত্ত্বেও কোন কাজ হয়নি। তাঁর কথা ঐ ওয়ার্ডে উপযুক্ত ট্যাক্সই আদায় হয় না, তো রাস্তা ঘাট করে কি হবে? উল্লেখ্য, রাস্তার কাজ রঘুনাথপুর মোড় পর্যন্ত হয়ে বন্ধ হয়ে যায় কিছুদিন পূর্বে। গ্রামবাসীরা বলেন বহুকাল পূর্বে নদী পার হয়ে বালিঘাটা দিয়ে একটা চলাচলের সহজ পথ ছিল। কিন্তু সেটাকেও বর্তমানে সম্পূর্ণ অকেজো করে দেওয়া হয়েছে। তাঁদের মতে নদী পর্যন্ত ওই পথটি সংস্কার করে গঙ্গায় পুরসভার নিজস্ব ফেরী চালু করা হলে দরিদ্র গ্রামবাসী-দের অসুবিধা অনেক পরিমাণে হ্রাস পায়।

## সারা বাংলা সেচ কর্মচারী সমিতির সম্মেলন

নিঃ সঃ : গত ৬ মে বহরমপুরে ই ও আর সি হলে সারা বাংলা সেচ কর্মচারী সমিতির ২য় জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সমিতির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক শচীন মুখার্জী, ইউ টি ইউ সির নেতা অমল কর্মকার, বিশ্বনাথ ব্যানার্জী ও সমরেশ সরকার বক্তব্য রাখেন। প্রায় দেড়শ কর্মীর উপস্থিতিতে আগামী ২ বছরের জন্য এগার জনের এক শক্তিশালী জেলা কমিটি গঠিত হয়। সভাপতি হন বেণুমোহন ঘোষ। শ্যামল চক্রবর্তী ও অবদুর রেজ্জাক যথাক্রমে সম্পাদক ও কোষাধ্যক্ষ নির্বাচিত হন।

## হোমগার্ড পিষ্ট

( ১ম পৃষ্ঠার পর )

জোরদার করা হয়েছে। গত ২৪ এপ্রিল পুলিশী অভিযানের ফলে কালিয়াচক থেকে ৩৪ বস্তা বেআইনী চিনি নিয়ে বারহারওয়া যাবার পথে ড্রাইভারসহ একটি ট্রাককে আটক করা হয়েছে।


## জায়গা বিক্রী

রঘুনাথগঞ্জ ফাঁসিতলায় পণ্ডিতের বাগানের উত্তর দিকে পূর্ব-পশ্চিম লম্বা বাসোপযোগী জায়গা দু' কাঠা করে প্লট হিসেবে বিক্রী হবে।

যোগাযোগের ঠিকানা
সমীরকুমার পণ্ডিত
রঘুনাথগঞ্জ

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?
বাড়া করার জন্য লোন চায়? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।

দিলসন্‌স্ মিউচুয়ালাইজার
DILSONS MUTUALISER
শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫
বিঃ দ্রঃ মুর্শিদাবাদ জেলার বিভিন্ন শহরে শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই।

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী


রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে
অশুতম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।